

১। অধ্যক্ষ/প্রশাসন
২। স্ক. কন্ট্রোলার
৩। ০১৮

রাজশাহী কলেজ রাজশাহী
ভক্ট নং ৪৫৮
তারিখ ০৭/০৯/২০১৭
স্মারক-১৮৭০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

৩৪
৭/৯/১৭

স্মারক নং ওএম-৩৭সি-২(অংশ-১)/০৭/ ৪৫৮৫

তারিখ: ০৭/০৯/২০১৭

জরুরী নোটিশ

সরকারি কলেজ/টিচার্স ট্রেনিং কলেজ/ আলিয়া মাদ্রাসাসহ বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তাগণ কর্মরত আছেন এমন প্রতিষ্ঠানের অধ্যক্ষ/উপাধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধানদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের সহযোগী অধ্যাপক/সহকারী অধ্যাপক/প্রভাষক পর্যায়ের কর্মকর্তাগণের পদোন্নতি, পদায়ন, বদলী ও অন্যান্য প্রয়োজনীয় কার্যাদি নিরুত্তরভাবে দ্রুততার সাথে সম্পন্ন করণের লক্ষ্যে College Management Information System (CMIS) সফটওয়্যারটির উদ্ভাবন করা হয়। বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাদের সকল কার্যাদি College Management Information System (CMIS) সফটওয়্যারে অধ্যক্ষ/উপাধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রেরিত তথ্যের উপর নির্ভর করে সম্পন্ন করা হয়। বর্তমানে প্রভাষক থেকে সহকারী অধ্যাপক এবং সহকারী থেকে সহযোগী অধ্যাপক পর্যায়ের কর্মকর্তাদের পদোন্নতির কাজ চলমান রয়েছে বিধায় কর্মকর্তাদের পিডিএস ও বিষয়ভিত্তিক শূণ্যপদের তথ্য হালনাগাদ থাকা জরুরী।

উল্লেখ্য যে, গত ১৭/০৮/২০১৭ ইং তারিখে সহযোগী অধ্যাপক থেকে অধ্যাপক পদে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণ যারা পদায়নের অপেক্ষায় (ইনসিটু) হিসেবে স্ব-স্ব প্রতিষ্ঠানে কর্মরত আছেন সে সকল প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ের সহযোগী অধ্যাপক পর্যায়ের পদটি কোন ক্রমেই শূন্য হিসেবে গন্য করা যাবেনা। ইনসিটু কর্মকর্তাগণের অধ্যাপক হিসেবে (মূলপদে) পদায়নের পর উক্ত পদটি শূন্য হিসেবে দেখাতে হবে। এ বিষয়ে পরবর্তী কোন জটিলতা দেখা দিলে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান-কে দায়ভার বহন করতে হবে।

এমতাবস্থায়, পদোন্নতি ও পদায়ন সংক্রান্ত কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে College Management Information System (CMIS) সফটওয়্যারে শূন্য পদসংক্রান্ত তথ্যাদি অদ্য ০৭/০৯/২০১৭ তারিখ ০৩.০০ ঘটিকার মধ্যে হালনাগাদ করণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩৪
৭/৯/১৭

(প্রফেসর ড. মোহাম্মদ মোস্তফা কামাল-০০৭৮৫৯)

উপ-পরিচালক (কলেজ-১)

ফোন: ৯৫৫৮৫০৫

অনুলপিও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ২। অধ্যক্ষ/উপাধ্যক্ষ/সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান (সকল)।
- ৩। অধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধান, সকল সরকারি কলেজ/মাদ্রাসা-ই-আলিয়া/ সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ/ এনসিটিবি/ সকল বোর্ড/ ডিআইএ/ নায়েম/ এইচএসটিটিআই/বিএমটিটিআই এবং সংশ্লিষ্ট সকল অফিস প্রধানকে তাঁর দপ্তরে কর্মরত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণ-কে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ।
- ৪। সংরক্ষণ নথি।